

৩৭ ফিল্ড

বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডাক্তারদের প্রাইভেট প্রাকটিস বন্ধের আদেশ

নিজস্ব বার্তী পরিবেশক

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে কর্মরত চিকিৎসকদের অফিস-সম্মুখে প্রাইভেট প্রাকটিস নিষিদ্ধ করা হয়েছে। এছাড়াও সপ্তাহে বন্ধের দিন কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ঢাকার বাইরে যাওয়া বন্ধ করে দেয়া হয়েছে। গত বৃহস্পতিবার থেকে এ আদেশ কার্যকর করা হয়েছে। মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসার্থী রোগীদের সেবার মান বাড়াতে এবং চিকিৎসকদের উপস্থিতি আদেশ: পৃঃ ১১ কঃ ১

আদেশ: বন্ধের

(১২ পৃষ্ঠার পর)

নিশ্চিত করতে এ কড়াকড়ি আরোপ করা হয়েছে। যেসব চিকিৎসক এ আদেশ অমান্য করবেন তাদের বিরুদ্ধে মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। মেডিকেল বিশ্ববিদ্যালয়ের একাধিক সূত্রে এসব তথ্য জানা গেছে।

মেডিকেল বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, গত বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে মেডিকেল বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিভাগে দলীয় বিবেচনায় অসংখ্য চিকিৎসক নিয়োগ দেয়া হয়। এর মধ্যে অনেকে সরকারি মেডিকেল কলেজে ছাত্রদের নেতা ছিলেন। আবার অনেকে নানাভাবে মন্ত্রী-এমপি ধরে দলীয় বিবেচনায় চাকরি নিয়েছেন। এদের অধিকাংশ কর্মস্থলে ঠিক সময়ে উপস্থিত হন না। আবার কেউ কেউ উপস্থিত হলে ঢাকার লোভে অফিস সময়ে হানপাতালের বাইরে গিয়ে রোগী দেখেন। কোন কোন চিকিৎসক সপ্তাহে বন্ধের দিনে মেডিকেল বিশ্ববিদ্যালয়ের পরিচয় ব্যবহার করে ঢাকার বাইরে গিয়ে জেলা শহরে রোগী দেখেন।

সূত্র জানায়, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে কর্মরত সব চিকিৎসক নয়া আদেশের কারণে বন্ধের সময় ঢাকার বাইরে যেতে পারবেন না। ঢাকার বাইরে যেতে হলে তাদের ঢাকা অ্যাপের ছুটি নিয়ে যেতে হবে। নয়া নির্দেশ অমান্য করে কেউ ঢাকার বাইরে গিয়ে রোগী দেখলে তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় আইনে ব্যবস্থা নেয়া হবে। বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত রোগীদের উন্নত চিকিৎসার জন্য যে কোন মুহূর্তে জরুরিভাবে হাসপাতালে যেতে হতে পারে তার জন্য এসব পদক্ষেপ নেয়া হয়েছে বলে জানা গেছে।

মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রশাসনের ২ কর্মকর্তা 'সংবাদ'কে জানান, বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের আমলে মেডিকেল বিশ্ববিদ্যালয়ের চিকিৎসার মান আরও বাড়াবার লক্ষ্যে ব্যাপক পদক্ষেপ নেয়া হয়েছে। এরই মধ্যে ২৫ জনের বেশি চিকিৎসক ও কর্মকর্তাকে শোকসভা এবং বেতন কর্তন করা হয়েছে।